# প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা : ২০১৩

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

**১. একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো (অনধিক ৬০০ শব্দ)** **১ X ৫০ = ৫০**

ক) সাহিত্য, থিয়েটার ও চলচ্চিত্র : পারস্পরিক সম্পর্ক

খ) সাহিত্য : দেশ-কাল-সমাজ

গ) বিজ্ঞাপন ও আজকের জনজীবন

ঘ) প্রথম বিশ্বযুদ্ধ ও বাংলা সাহিত্য

**২. একটি প্রশ্নের উত্তর দাও :** **১ X ৩০ = ৩০**

**ক) প্রদত্ত ছবিটি সম্পর্কে তোমার ভাবনা ব্যক্ত করো (অনধিক ৩০০ শব্দ)**



**খ) প্রদত্ত কবিতাংশটি সম্পর্কে তোমার ভাবনা ব্যক্ত করো (অনধিক ৩০০ শব্দ)**

'ছোটো হয়ে নেমে পড়ুন মশাই / সরু হয়ে নেমে পড়ুন মশাই
চোখ নেই ? চোখে দেখতে পান না ?/ সরু হয়ে যান, ছোটো হয়ে যান —'

আরো কত ছোটো হব ঈশ্বর / ভিড়ের মধ্যে দাঁড়ালে ।
আমি কি নিত্য আমারও সমান / সদরে, বাজারে, আড়ালে ?

**৩. দু-এক কথায় উত্তর দাও :** **২০ X ১ = ২০**

ক) 'অতএব কহি কথা যাবনী মিশাল ।'—কোন কবির কোন কাব্যের অংশ ?

খ) 'লিপিমালা'র রচয়িতার নাম ও প্রকাশকাল লেখো ।

গ) 'কল্লোল যুগ'-গ্রন্থের লেখকের নাম ও প্রকাশকাল লেখো ।

ঘ) 'তির্যক বিভক্তি' কী ? উদাহরণ দাও ।

ঙ) সুভাষচন্দ্র বসুকে কোন গ্রন্থটি রবীন্দ্রনাথ উৎসর্গ করেন ?

চ) 'লোক নিস্তারিতে যাই পাঁচালী রচিয়া।'—কোন কবির কোন কাব্যের অংশ ?

ছ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের শেষ অসমাপ্ত উপন্যাস 'শেষের পরিচয়' কে সমাপ্ত করেন ?

জ) রবীন্দ্রনাথের জীবিতকালে প্রকাশিত তাঁর শেষ কবিতা-গ্রন্থ কোনটি ?

ঝ) 'সত্যসুন্দর দাশ' —এই ছদ্মনামে লিখতেন কোন লেখক ?

ঞ) 'সন্দেশ' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ? প্রথম কোন সালে পত্রিকাটি প্রকাশিত হয় ?

ট) চৈতন্যদেবের জন্ম ও মৃত্যু-সাল লেখো ।

ঠ) 'খাঁচার ভিতর অচিন পাখি কমনে আসে যায় ।'—গানটি রবীন্দ্রনাথ তাঁর কোন উপন্যাসে ব্যবহার করেন ?

ড) 'নব চর্যাপদ' কার সম্পাদনায় কোন সালে প্রথম প্রকাশিত হয় ?

ঢ) বাঙালি সম্পাদিত প্রথম সংবাদপত্র কোনটি ? সম্পাদকের নাম লেখো ।

ণ) 'মিনতি' ও 'বজরা' কোন শ্রেণির শব্দ ?

ত) অর্থ পার্থক্য লেখো : কৃতি, কৃতী

থ) অশুদ্ধি সংশোধন করো : আভ্যন্তরীন, আকাঙ্খা

দ) সন্ধিবিচ্ছেদ করো : সচ্ছল, প্রত্যভিবাদন

ধ) 'মহারাষ্ট্রা পুরাণ' —কে, কত সালে রচনা করেন ?

ন) 'এক পয়সায় একটি' —কীসের সিরিজ ? প্রকাশক কে ?